

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৫(আগরতলা ২৬।০৫)

তেলিয়ামুড়া, ২৬ মে, ২০২৪

তেলিয়ামুড়া মহকুমা ভিত্তিক নজরুল জন্মজয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল তেলিয়ামুড়া মহকুমার কল্যাণপুরস্থিত লোটাস কমিউনিটি হলে বিদ্রোহী কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মজয়ন্তী উপলক্ষে মহকুমা ভিত্তিক নজরুল জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রবীণ শিক্ষক কানাইলাল শীল, খোয়াই জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সুমিত কর ও সাহেব সাহা, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য নিহারেন্দ্র বিকাশ দত্ত। অনুষ্ঠানে অতিথিগণ কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে প্রবীণ শিক্ষক কানাইলাল শীল কাজী নজরুল ইসলামের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক মিঠন দত্ত। মহকুমা ভিত্তিক নজরুল জন্মজয়ন্তী উপলক্ষে আয়োজিত কবি প্রণাম অনুষ্ঠানে তেলিয়ামুড়া ও কল্যাণপুর এলাকার শিল্পীগণ নজরুল গীতি, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন।
